গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি
নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
www.latc.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

**বিষয় : ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আরিফ
পরিচালক (যুগ্ম-সচিব)

সভার স্থান : পরিচালক এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৮/০৪/২০২৪

সময় : বেলা ১১.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট -ক

শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করা হয়। পরবর্তীতে কার্যসূচী অনুসারে বিস্তারিত আলোচনার জন্য সদস্য-সচিব ও সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা) জনাব খান এ. সবুর খানকে অনুরোধ জানালে নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনাঃ** সদস্য-সচিব সভায় ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার পুরস্কার(সংশোধন) প্রদান নীতিমালা ২০২১ বিস্তারিতভাবে তুলে ধরেন। শুদ্ধাচার পুরস্কার(সংশোধন) প্রদান নীতিমালা ২০২১ এর ৩.৩ অনুচ্ছেদ অনুসারে দপ্তর/ সংস্থা পর্যায়ে নিম্নবর্ণিতভাবে পুরস্কার প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে।

| **ক্রঃ** | **পুরস্কারের পর্যায়/ ক্যাটাগরি** | **পুরস্কারের মান (৭ অনুচ্ছেদ)** | **মন্তব্য** |
|---|---|---|---|
| ১ | ২য় হতে ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা | ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, সনদপত্র ও একটি ক্রেস্ট | অনুচ্ছেদ ৫ এ বর্ণিত নির্দেশাবলী অনুসারে নির্ধারিত হবে |
| ২ | ১০ম গ্রেডভুক্ত হতে ১৬ভুক্ত কর্মচারী | | |
| ৩ | ১৭ম গ্রেডভুক্ত হতে ২০ভুক্ত কর্মচারী | | |

০২। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণে নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ বিবেচনা করা হবেঃ

ক) বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ৫.১ অনুসারে বিবেচ্য কর্মকর্তা/ কর্মচারীকে সংশ্লিষ্ট অর্থবছরে অত্র দপ্তরে ন্যূনতম ৬ মাস চাকুরী করতে হবে।

খ) ৫.২ অনুসারে পুরস্কারে সূচক সমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

গ) অনুচ্ছেদ ৫.৬ অনুসারে কোন কর্মচারী কোন অর্থবছরে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ৩ অর্থবছরে পুনরায় পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

০৩। শুদ্ধাচার নীতিমালা অনুচ্ছেদ ৪ ও ৫ এর ভিত্তিতে এ কেন্দ্র হতে কর্মকর্তা ও কর্মচারীদের মূল্যায়ন-সূচক (পরিশিষ্ট-খ) বিবেচনা এবং কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য ক্যাটাগরী অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ২ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারীর নাম

নিম্নোক্তভাবে চূড়ান্ত করা হয়। উল্লেখ্য বর্ণিত নীতিমালার অনুচ্ছেদে ৫.৫ অনুসারে ৩টি ক্যাটাগরিতেই প্রাপ্ত নম্বর একই হওয়ায় নিম্নোক্তভাবে যৌথভাবে সেরা কর্মকর্তা ও কর্মচারী নির্বাচিত হয়েছেন।

(ক) ২য় গ্রেড হতে ৯ম গ্রেড পর্যন্ত :

১। জনাব উম্মে হাফসা, সহকারী পরিচালক (ডরমিটরি), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

২। জনাব মোঃ শামীম হোসেন, সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

(খ) ১০ম গ্রেড হতে ১৬ গ্রেড পর্যন্ত :

১। জনাব মইনুর রহমান, প্রধান সহকারী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

২। জনাব মোঃ আমিনুল ইসলাম, নাজির কাম-ক্যাশিয়ার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

(গ) ১৭ তম গ্রেড হতে ২০ তম গ্রেড পর্যন্ত:

১। জনাব মোঃ কাইয়ুম হোসেন, অফিস সহায়ক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

২। জনাব সালমা বেগম, পরিচ্ছন্নতা কর্মী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

০৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের শুদ্ধাচার সংক্রান্ত অর্থনৈতিক খাতে (৩২৫৭১০৬) বরাদ্দকৃত ৩ লক্ষ টাকা হতে উপরোক্ত ২ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারীকে একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, সনদ ও ক্রেস্ট বাবদ ব্যয় মিটানো হবে।

সিদ্ধান্তঃ সার্বিক পর্যালোচনা ও মূল্যায়ণের ভিত্তিতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | ক্যাটাগরি | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | পুরস্কারের বিবরণ |
|---|---|---|---|
| ০১। | জাতীয় বেতন স্কেলের ২য় গ্রেড হতে ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা | যৌথভাবে সেরা কর্মকর্তাঃ<br>১। জনাব উম্মে হাফসা<br>সহকারী পরিচালক (ডরমিটরি)<br>২। জনাব মোঃ শামীম হোসেন<br>সহকারী প্রোগ্রামার | ১) প্রত্যেকে একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ<br>২) একটি করে সনদপত্র<br>৩) একটি করে ক্রেস্ট |
| ০২। | জাতীয় বেতন স্কেলের ১০তম গ্রেড হতে ১৬তম গ্রেডভুক্ত কর্মচারী | যৌথভাবে সেরা কর্মচারীঃ<br>১। জনাব মইনুর রহমান<br>প্রধান সহকারী<br>২। জনাব মোঃ আমিনুল ইসলাম<br>নাজির কাম-ক্যাশিয়ার | |
| ০৩। | জাতীয় বেতন স্কেলের ১৭তম গ্রেড হতে ২০তম গ্রেডভুক্ত কর্মচারী | যৌথভাবে সেরা কর্মচারীঃ<br>১। জনাব মোঃ কাইয়ুম হোসেন<br>অফিস সহায়ক<br>২। জনাব সালমা বেগম<br>পরিচ্ছন্নতা কর্মী | |

অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ—
(মো: আরিফ)
পরিচালক (যুগ্ম-সচিব)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
ফোনঃ ০০২-২২৩৩৬২৩৫৫
ই-মেইলঃ director@latc.gov.bd

স্মারক নং-৩১.০৪.০০০০.০০০.১৮.০১৫.২০২৪- ৫৬১

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব ও সেল প্রধান, ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল, ভূমি মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, এপিএ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপপরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
৬। সহকারী পরিচালক (প্রশাসন/উন্নয়ন ও সেবা/প্রশিক্ষণ/ডরমিটরি/ক্যাফেটেরিয়া), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব ........................................................, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
৯। অফিস কপি।

১৮/০৪/২০২৪
(মো: আরিফ)
পরিচালক (যুগ্ম-সচিব)